# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**11-04-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যে প্রচারাভিযান তুঙ্গে। রাজনৈতিক দলের শীর্ষ নেতৃত্ব জেলাগুলিতে জনসভায় অংশ নিচ্ছেন।

২) বর্ষীয়ান বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি প্রণয়ন করার পক্ষে সওয়াল করেছেন। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, এর বিরোধিতা করেছেন।

৩) বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, রাজ্যে ক্ষমতায় এলে বাঁকুড়া-বিষ্ণুপুরে আলুর বীজ উৎপাদন কেন্দ্র করা হবে আশ্বাস দিয়েছেন।

তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, বিজেপি, রাজ্যে এনআরসি চালু করার চেষ্টা করছে।

৪) ভোটের প্রাক্কালে নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে সোমবার রাজ্যে আসছেন সিনিয়ার ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী।

৫) রাজ্য বিধানসভা নির্বাচনের আগে পুলিশ প্রশাসনের শীর্ষ স্তরে ফের একদফা রদবদল।

৬) ইস্টবেঙ্গলকে ৩-১ গোলে পরাজিত করে মোহনবাগান কলকাতা প্রিমিয়ার হকি লিগে চ্যাম্পিয়ান হয়েছে।

---

রাজ্যের বিধানসভা নির্বাচনে প্রচার অভিযান জমে উঠেছে। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতৃত্ব জেলাগুলিতে জনসভায় অংশ নিচ্ছেন।

বিজেপি বর্ষীয়ান নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যে তিনটি জনসভায় অংশ নেন। পূর্ব বর্ধমানের কাটোয়া, মুর্শিদাবাদের জঙ্গিপুর এবং দক্ষিণ দিনাজপুরের কুশমণ্ডিতে জনসভায় তিনি রাজ্যে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে অপশাসনের অভিযোগ তুলেছেন। পশ্চিমবঙ্গে বিজেপির সরকার ক্ষমতায় এলে দুর্নীতি মুক্ত ও স্বচ্ছ প্রশাসনের ব্যবস্থা করা হবে বলে তিনি জানিয়েছেন। কাটোয়ার জনসভায় শ্রী মোদী বলেন, মতুয়াদের নাগরিকত্ব দেওয়ার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সচেষ্ট। সেই কারণেই CAA আনা হয়েছে। রাজ্যে ক্ষমতায় এলে CAA-র মাধ্যমে নাগরিকত্ব দেওয়ার কাজ আরও গতি পাবে।

বাইট-মোদী(CAA)

তাঁর অভিযোগ, তৃণমূল কংগ্রেস সরকার বিজেপির বিরুদ্ধে মিথ্যা প্রচার চালাচ্ছে। এছাড়া বহু কেন্দ্রীয় প্রকল্প তারা রূপায়ণ করতে দেয় নি। মহিলাদের অধিকার রক্ষায় বিজেপি সচেষ্ট বলেও শ্রী মোদী মন্তব্য করেন। বিজেপি সরকার গঠিত হলে সমস্ত কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা রাজ্যবাসী পাবেন বলে জানান তিনি।

জঙ্গিপুরের জনসভায় প্রধানমন্ত্রী বলেন, অভিন্ন দেওয়ানি বিধি বলবত করে সবাইকে সমানাধিকার দেওয়ার পাশাপাশি ধর্মীয় তোষণ শেষ করা হবে।

বাইট-মোদী(UCC)

তিনি বলেন, সন্দেশখালি থেকে আর জি কর, সবসময় নির্যাতনকারীদের পাশে দাঁড়িয়েছে তৃণমূল কংগ্রেস। বাম দলের লোকেরাই তৃণমূলে যাওয়ায়, এরাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার বামেদের কার্বন কপিতে পরিণত হয়েছে। SSC দুর্নীতি সহ নানা ক্ষেত্রে তৃণমূল সরকারের ব্যর্থতার প্রসঙ্গও তুলে ধরে তিনি বলেন, চৌঠা মে-র পর এ রাজ্যে এমন এক সরকার প্রতিষ্ঠিত হবে যাদের হাত ধরে বাংলায় আসল পরিবর্তন ঘটবে। জনতার অধিকার হরণকারী দের জেলে পাঠানো হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন প্রধানমন্ত্রী।

এদিকে, আজ সন্ধ্যায় বিহার মোড় থেকে স্টেশন মোড় পর্যন্ত একটি রোড শো-তে অংশগ্রহণ করেন তিনি। আগামীকাল কাওয়াখালিতে একটি জনসভা করার কথা প্রধানমন্ত্রীর।

-----------------

অন্যদিকে, বাঁকুড়ার ওন্দার রামসাগর এবং ছাতনার কমলপুরে দুটি জনসভায় ভাষণ দিয়েছেন বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেন, ক্ষমতায় এলে বাঁকুড়া বিষ্ণুপুরে আলুর বীজ উৎপাদন কেন্দ্র করা হবে। ফলত, চাষিদের আর পাঞ্জাব থেকে বীজ আনতে হবে না। বালুচরি শাড়ি এবং পাঁচমুড়ার মাটির ঘোড়া GI ট্যাগ পাবে বলেও আশ্বাস দেন তিনি। অমিত শাহ অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকার হাজার হাজার কোটি টাকা এরাজ্যের উন্নয়নের জন্য পাঠালেও সব টাকা সিন্ডিকেটের পকেটে গেছে। শ্রী শাহ বলেন, জেলাজুড়ে বে-আইনি বালি খাদানের রমরমা চলছে, যা নিয়ে কলকাতা হাইকোর্ট-ও উষ্মা প্রকাশ করেছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রতি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আচরণের তীব্র সমালোচনা করে শ্রী শাহ বলেন, তাঁরা ক্ষমতায় এলে

আদিবাসীদের প্রকৃত উন্নয়ন হবে। দল রাজ্যে ক্ষমতায় এসে স্বচ্ছতার সঙ্গে নিয়োগ করবে বলেও জানান তিনি।

-----------------

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পশ্চিম মেদিনীপুরের কেশিয়াড়িতে, দলীয় প্রার্থীদের সমর্থনে এক জনসভায় ভাষণ দেন। তিনি বলেন, বিজেপি সরকারের আমলে বিভিন্ন রাজ্যে বাংলা ভাষাভাষীদের ওপর আক্রমণ চলছে। বিজেপি NRC চালু করে বাংলা ভাগের চক্রান্ত করছে। অভিন্ন দেওয়ানি বিধি চালু করার নামে তারা ধর্মীয় বিভাজন করতে চাইছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন।

বাইট–মমতা

এরপর তিনি ঝাড়গ্রামে দুটি জনসভা করেন। মুখ্যমন্ত্রী বলেন, আদিবাসীদের সারি-সারনা ধর্মকে উপযুক্ত মর্যাদা দেবে তৃণমূল কংগ্রেস। এরপর মুখ্যমন্ত্রী বাঁকুড়ার বড়জোড়ায় জনসভা করেন। নির্বাচনের সময় বিজেপি অন্য রাজ্য থেকে লোক নিয়ে আসবে বলে মমতা ব্যানার্জী আশঙ্কা করেন।

বাইট

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও বীরভূম জেলার সাঁইথিয়ায় একটি জনসভায় অংশ নেন। এর পর পূর্ব বর্ধমানের মেমারিতে একটি রোড শো-তেও অংশ নিয়েছেন অভিষেক।

উত্তরপাড়ায় বাড়ি বাড়ি প্রচারে অংশ নিচ্ছেন সিপিআইএম প্রার্থী মীনাক্ষী মুখোপাধ্যায়। বাঁকুড়ার সোনামুখীতে দলীয় প্রার্থীর সমর্থনে সিপিআইএম নেতা সৃজন

ভট্টাচার্য একটি জনসভায় বক্তব্য রাখেন। কংগ্রেসও তাঁদের দলীয় প্রার্থীদের নিয়ে মিটিং, মিছিল, জনসভা করছে।

কংগ্রেস প্রার্থীরাও আজ নিজ নিজ কেন্দ্রে রোডশো, বাড়ি বাড়ি প্রচার করছেন।

------------------

বিধানসভা ভোটের প্রাক্কালে রাজ্যের নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে তিনদিনের সফরে সোমবার রাজ্যে আসছেন সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী। তাঁর সঙ্গে থাকছেন কমিশনের আরও দুই শীর্ষ আধিকারিক অভিনব আগরওয়াল ও এসবি জোশি। কমিশনের নির্ধারিত সূচি অনুযায়ী, সোমবার দিল্লি থেকে প্রথমে অন্ডাল বিমানবন্দরে পৌঁছবেন তাঁরা। সেখান থেকে সড়কপথে পশ্চিম বর্ধমান জেলায় গিয়ে দিনভর প্রশাসনিক পর্যালোচনা করবেন। মঙ্গলবার পূর্ব বর্ধমান ও হুগলি জেলার পরিস্থিতি খতিয়ে দেখবেন কমিশনের প্রতিনিধি দল। বুধবার সকালে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে একটি জরুরি বৈঠক করবেন তাঁরা। সেখানে জেলার রিপোর্ট, আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং নির্বাচনী প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা।

------------------

বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল বিভিন্ন জেলা সফর করছেন। আজ তিনি মুর্শিদাবাদের বেলডাঙার মহেশপুর সহ বিভিন্ন গ্রাম পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন জেলা নির্বাচনী আধিকারিক সহ অন্যান্যরা। ভোটদাতাদের সঙ্গে কথা বলে নির্ভয়ে তাঁদের ভোট দেবার আবেদন জানান তাঁরা।

এর আগে গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিক, বীরভূমের দুবরাজপুরে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। বোলপুরে নির্বাচনের সঙ্গে যুক্ত পর্যবেক্ষক সহ অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠকও করেন।

------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে পুলিশ প্রশাসনের শীর্ষ স্তরে ফের একদফা রদবদল হয়েছে। কলকাতা ও রাজ্য পুলিশের মোট ১২ জন আধিকারিককে বদলি করা হয়েছে। কমিশনের নির্দেশিকা অনুযায়ী, সিআইডির ডিআইজি সোমা দাস মিত্রকে কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার ক্রাইম পদে আনা হয়েছে। একইসঙ্গে সুদীপ সরকারকে যুগ্ম কমিশনার সদর এবং দেবস্মিতা দাসকে যুগ্ম কমিশনার ইন্টেলিজেন্স পদে নিয়োগ করা হয়েছে।

ডেপুটি কমিশনার স্তরেও একাধিক রদবদল করেছে কমিশন। সাউথ ডিভিশনের ডিসি হয়েছেন ভি এস আর অনন্তনাগ। নর্থ ডিভিশনের দায়িত্ব পেয়েছেন প্রদীপ কুমার যাদব। সাউথ ইস্ট ডিভিশনে সৈকত ঘোষ এবং ইস্ট ডিভিশনে ডিসি পদে এসেছেন প্রশান্ত চৌধুরী।

জেলা ও কমিশনারেট স্তরেও বেশি কিছু রদবদল হয়েছে।

------------------

নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে নৈহাটি থানার আইসি এবং কসবা থানার ওসি সহ একাধিক পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে কমিশন। অভিযোগ উঠেছিল, নৈহাটি থানার আইসি মহাবীর বেরা নিজের গাড়িতে করে এক রাজনৈতিক দলের প্রার্থীকে মনোনয়ন জমা দিতে নিয়ে গিয়েছিলেন। কমিশন আগেই

তাঁকে সাসপেন্ড করেছিল; আজ তাঁর জায়গায় নতুন আইসি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে দেবনাথ সাধুখাঁকে।

অন্যদিকে, দক্ষিণ কলকাতার কসবা থানার ওসি বিশ্বজিৎ দেবনাথের বিরুদ্ধে এলাকার এক দাগি অপরাধীকে আড়াল করার অভিযোগ ওঠে। তাঁকেও সরিয়ে দিয়ে কসবার নতুন ওসি হিসেবে সৌরভ ভট্টাচার্যের নাম ঘোষণা করেছে কমিশন। এছাড়া প্রশাসনের স্বচ্ছতা বজায় রাখতে বটতলা, উল্টোডাঙা এবং ফুলবাগান থানার আধিকারিকদেরও বদলি করা হয়েছে।

-----------------

সরকার পোষিত স্কুলের শিক্ষক, শিক্ষাকর্মীদের বকেয়া মহার্ঘ ভাতা দেওয়ার জন্য মান্য কার্যবিধি বা Sm তৈরি করতে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে নির্দেশ দিয়েছে রাজ্যের অর্থ দপ্তর। ২০০৮-এর এপ্রিল থেকে ২০১৯-এর ডিসেম্বর পর্যন্ত সময়কালের বকেয়া মহার্ঘ ভাতা পাবেন তাঁরা। ১৩ এপ্রিলের মধ্যে এই S.O.P অর্থ দফতরে পাঠাতে হবে। শিক্ষক ও শিক্ষাকর্মী ছাড়াও সরকার অধিগৃহীত বিভিন্ন সংস্থার কর্মী ও পেনশনপ্রাপকদেরও এই মহার্ঘভাতা দেওয়া হবে। এ ব্যাপারে গত পয়লা এপ্রিল সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে বৈঠক করেন অর্থ দপ্তরের কর্তারা। এরপর স্কুলশিক্ষা দপ্তর, উচ্চশিক্ষা, জনশিক্ষা প্রসার, মাদ্রাসা শিক্ষা, পুর ও নগরোন্নয়ন, পরিবহন ও পঞ্চায়েত দপ্তরকে বকেয়া মহার্ঘ ভাতা প্রদানের ব্যাপারে S.O.P. তৈরি করতে বলেছে অর্থ দফতর।

-----------------

SSC নিয়োগ দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয় - ইডি নাকতলায় রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে আজ সকাল থেকে বিকেল পাঁচটা পর্যন্ত জেরা করে। কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে নিয়ে ইডির আধিকারিকরা সেখানে যান।

ঘটনার তদন্তে এর আগে বেশ কয়েকবার সি জি ও কমপ্লেক্সে তলব করা সত্ত্বেও পার্থ চট্টোপাধ্যায় উপস্থিত হননি। পার্থ চট্টোপাধ্যায়-এর ঘনিষ্ঠ মিডলম্যান প্রসন্ন-র অফিসেও ইডি আজ তল্লাশি চালায়।

উল্লেখ্য, এর আগে, ২০২২ সালের জুলাই মাসে পার্থ চট্টোপাধ্যায়কে গ্রেফতার করা হয়। গত বছর নভেম্বর মাসে তিনি জামিন পান।

এদিকে পুর নিয়োগ দুর্নীতি মামলায় ইডি রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসুকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করলেও অসুস্থতার কারণ দেখিয়ে সেখানে যাননি। একটি বেসরকারি হাসপাতালে আজ সকালে তিনি ভর্তি হয়েছেন বলে খবর। সুজিত বসুর ছেলে সমুদ্র বসু আজ বেশ কিছু নথিপত্র নিয়ে সিজিও কমপ্লেক্সে যান।

------------------

বাঁকুড়ায় সংগ্রামী যৌথ মঞ্চের নেতা অরিন্দম মন্ডলকে ব্যাপক মারধরের ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। যদিও মূল অভিযুক্ত এখনও পলাতক।

গতকাল শহরের স্কুলডাঙ্গা এলাকায় জনা ৫০ দুষ্কৃতী তাকে মারধর করে। গুরুতর আহত অবস্থায় তিনি হাসপাতালে চিকিৎসাধীন।

------------------

দক্ষিণবঙ্গে আগামী তিনদিন সামগ্রিকভাবে শুষ্ক আবহাওয়া বজায় থাকলেও উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে আগামী সাত দিন হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। আগামী মঙ্গলবার থেকে দক্ষিণ বঙ্গের প্রায় সব জেলাতেই উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে বলে জানানো হয়েছে। কোথাও কোথাও দিনের তাপমাত্রা ৫ থেকে ৭ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। আজ আলিপুরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৩ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম।

-----------------

মোহনবাগান, কলকাতা প্রিমিয়ার হকি লিগে চ্যাম্পিয়ন হয়েছে। যুব ভারতীর হকি ষ্টেডিয়ামে আজ ফাইনালে মোহনবাগান ৩-১ গোলে ইস্টবেঙ্গলকে পরাজিত করেছে। মোহনবাগানে পক্ষে অভ্রান সুদেব, অর্জুন শর্মা, মহম্মদ রহিল মাউসেন এবং ইস্টবেঙ্গলের প্রতাপ লাকরা গোল করেছেন। এই নিয়ে মোহনবাগান ২৭ বার লিগ খেতাব জয় করলো।

----------------- -----------------